

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০৬/২০১৪

তারিখঃ ২৯/০১/২০১৪খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

১৬ মাঘ, ১৪২০ বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৩.২০১৩.১৮৪(৫৭) তারিখ- ২৩.০১.২০১৪ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।  
[কর নীতি শাখা]

স্মারক নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৩.২০১৩.১৮৪(৫৭)

তারিখঃ ২৩.০১.২০১৪

**বিষয় : প্রাইভেট Port/Inland Container Depot (ICD)/Off-Dock Terminal/Container Freight Station কে পরিশোধিত অর্থের উপর উৎসে আয়কর কর্তন প্রসঙ্গে।**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২এএ ধারার বিধান অনুসারে উক্ত অধ্যাদেশের Chapter VII এ বর্ণিত সুনির্দিষ্ট সার্ভিস সমূহ ব্যতিত অন্য যে কোন সেবা প্রদানের জন্য প্রদেয় অর্থের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান রয়েছে।

প্রাইভেট Port/Inland Container Depot (ICD)/Off-Dock Terminal/Container Freight Station কে স্টাফিং, কনটেইনার হ্যান্ডলিং, ট্রান্সপোর্টেশন, ডকুমেন্টেশন, কনটেইনার সংরক্ষণের স্থান বরাদ্দ ইত্যাদি সার্ভিসের জন্য পরিশোধিত অর্থ হতে অর্থ পরিশোধকারীগণ (আমদানী/রপ্তানীকারক, Freight Forwarder, Shipping Agent সহ এই সকল প্রাইভেট বন্দর সার্ভিস ব্যবহারকারী কর্তৃপক্ষ, কর্পোরেশন, কোম্পানী, ব্যাংক, ইন্সুরেন্স ইত্যাদি) উৎসে কর কর্তন করবে কিনা সে বিষয়ে মাঠ পর্যায়ে বিভ্রান্তি আছে বলে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে।

এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে স্পষ্টীকরণ করছে যে, প্রাইভেট Port/Inland Container Depot (ICD)/Off-Dock Terminal/Container Freight Station কর্তৃক সম্পাদিত স্টাফিং, কনটেইনার হ্যান্ডলিং, ট্রান্সপোর্টেশন, ডকুমেন্টেশন, কনটেইনার সংরক্ষণের স্থান বরাদ্দ ইত্যাদি সার্ভিসের জন্য প্রদেয় অর্থের উপর অর্থ পরিশোধকারীগণকে (আমদানী/রপ্তানীকারক, Freight Forwarder, Shipping Agent সহ এই সকল প্রাইভেট বন্দর সার্ভিস ব্যবহারকারী কর্তৃপক্ষ, কর্পোরেশন, কোম্পানী, ব্যাংক, ইন্সুরেন্স ইত্যাদি) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২এএ ধারা অনুসারে অর্থ পরিশোধকালে ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে।

স্বাঃ/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

প্রথম সচিব (কর নীতি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।